

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

**বিষয়ঃ** নবসৃষ্ট চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এর কার্যক্রম পরিচালনার সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে সুষ্ঠু সমন্বয় সৃষ্টির লক্ষ্যে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর মধ্যে আলোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ নাসিম, এম.পি  
মাননীয় মন্ত্রী  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ : ১১/০৯/২০১৭ খ্রিস্টাব্দ  
সময় : বেলা ০২:০০ টা  
স্থান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ  
(কক্ষ নং-৩৩২, ভবন নং-০৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে সন্নিবেশিত রয়েছে।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন, নবসৃষ্ট চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এর কার্যক্রম পরিচালনার সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে প্রশাসনিক ও আর্থিক কার্যক্রমে ধারাবাহিকতা ও গতিশীলতা সৃষ্টিসহ সুষ্ঠু সমন্বয়ের লক্ষ্যে আজকের এ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সভাপতি এ সভায় উপস্থিত মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়কে তাঁর ব্যক্তিগত উপস্থিতির জন্য আন্তরিক ধন্যবাদ জানান। সভাপতি বলেন, ২০১৬ সনের ১৭ নম্বর আইন অনুযায়ী চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং ২০১৬ সনের ১৮ নম্বর আইন অনুযায়ী রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা লাভ করে। পর্যায়ক্রমে সকল বিভাগে একটি করে মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়ে সরকারের নীতিগত সিদ্ধান্ত রয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। বর্তমানে সিলেট বিশ্ববিদ্যালয় আইন প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। নবসৃষ্ট রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনার সুষ্ঠু সমন্বয়ের লক্ষ্যে করণীয় সম্পর্কে মতামত প্রদানের জন্য সভাপতি উপস্থিত সদস্যদের প্রতি আহ্বান জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুপুঙ্খ বর্ণনা করে বিশ্ববিদ্যালয় দুটির বর্তমান অবস্থা উল্লেখপূর্বক একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন। তিনি জানান যে, ইতোমধ্যে ১০/০৪/২০১৭ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রস্তাবমতে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ এর ১২ ধারার ক্ষমতাবলে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতিক্রমে বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর ও মহামান্য রাষ্ট্রপতি চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এর ভাইস চ্যান্সেলর পদে প্রফেসর ডাঃ মোঃ ইসমাইল খান-কে নিয়োগ প্রদান করেছেন। একইভাবে ১০/০৪/২০১৭ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রস্তাবমতে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ এর ১২ ধারার ক্ষমতাবলে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতিক্রমে বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর ও মহামান্য রাষ্ট্রপতি রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এর ভাইস চ্যান্সেলর পদে প্রফেসর ডাঃ মাসুম হাবিব-কে নিয়োগ প্রদান করেছেন। গত ০৮/০৬/২০১৭ তারিখে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল ভবনে এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য

